গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সমবায় অধিদপ্তর
www.coop.gov.bd

# আগস্ট মাসে অনুষ্ঠিত জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনা মোতাবেক সমবায় অধিদপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | মো: শফিকুর রেজা বিশ্বাস |
| | : | নিবন্ধক ও মহাপরিচালক |
| **তারিখ ও সময়** | : | ০৯-০৮-২০২৩, দুপুর-১২.০০ মি: |
| **স্থান** | : | সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ 'পায়রা' |
| **উপস্থিত সদস্যবৃন্দ** | : | পরিষ্ট- 'ক' দ্রষ্টব্য |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকাকে আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনার বিষয়ে পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | **গত সভার কার্যবিবরণী অনুমোদন;** | গত ০৬/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সকল সদস্যদের নিকট প্রেরণ করা হয় এবং সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | ১. গত ০৬/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হল। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২ | **সমবায়ের মাধ্যমে সমাজের অনগ্রসর জনগোষ্ঠী বিশেষ করে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, হিজড়া, বেদে ও অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন। (সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | ১. যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান অনগ্রসর ও দলিত সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করে 'দক্ষতা উন্নয়নের মাধ্যমে খুলনা বিভাগের দরিদ্র ও দলিত জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ' শীর্ষক প্রকল্পের যাচাই কমিটির সভা ১১/০৬/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটির ডিপিপি পুনর্গঠনের কার্যক্রম চলমান এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের নাম পরিবর্তন করা হয়েছে। পরিবর্তিত নাম হচ্ছে 'দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সমবায়ের মাধ্যমে খুলনা বিভাগের পশ্চাৎপদ জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ শীর্ষক' প্রকল্প। | ১. প্রস্তাবিত 'দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সমবায়ের মাধ্যমে খুলনা বিভাগের পশ্চাৎপদ জনগোষ্ঠীর টেকসই কর্মসংস্থান নিশ্চিতকরণ শীর্ষক'। প্রকল্পটির ডিপিপি পুনর্গঠনের কার্যক্রম সম্পন্ন করে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| | | ২. যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী 'বরিশাল বিভাগের দারিদ্র্যপীড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি' শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয় প্রেরণের লক্ষ্যে বিগত ০৫/০৬/২৩ তারিখে সমবায় অধিদপ্তরের প্রকল্প সংক্রান্ত কারিগরি কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | ২. 'বরিশাল বিভাগের দারিদ্র্যপিড়িত উপজেলায় সমবায়ের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি' শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩. | **সমবায়ের মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন, নারী পুরুষের সমতা আনয়নের জন্য নারীদেরকে প্রশিক্ষণ প্রদান।**<br>**(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | ১. যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন' শীর্ষক প্রকল্পটির বিষয়ে যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে বিগত ৩০/০৭/২০২৩ তারিখে সমবায় অধিদপ্তরের প্রকল্প সংক্রান্ত কারিগরি কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | ১. 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতির মাধ্যমে নারী সমবায়ীদের দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা সৃজন' শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| ০৪. | **আইলবিহীন চাষাবাদ, কৃষি যান্ত্রিকীকরণ ও গ্রামীণ উন্নয়নে গ্রামভিত্তিক বহুমুখী সমবায় সমিতি গঠন।**<br>**(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | ১. যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান 'বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা' পাইলট শীর্ষক প্রকল্পটির মাধ্যমে আইলবিহীন চাষাবাদ, কৃষি যান্ত্রিকীকরণ ও গ্রামীণ উন্নয়নে গ্রামভিত্তিক ১০ টি বহুমুখী সমবায় সমিতি গঠন করা হয়েছে। প্রকল্পটি (১ম সংশোধিত) ৫৬৫৬.৪০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই, ২০২১ হতে জুন, ২০২৪ মেয়াদে বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে ১৫৮০.৯৫ লক্ষ (রাজস্ব বাবদ ৬৭৬.৯৫ লক্ষ ও মুলধন বাবদ ৯০৪.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম কিস্তি বাবদ ৩৯৫.২৪ লক্ষ টাকা ছাড় করা হয়েছে। যা বরাদ্দকৃত অর্থের ০.৩৯%। | ১. 'বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা' শীর্ষক পাইলট প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি শতকরা হিসেবে প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর |
| | | ২. বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম হতে প্রাপ্ত কুমিল্লা জেলার 'রায়চোঁ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ' এর আইলবিহীন চাষাবাদ পদ্ধতি বিষয়ক পরিদর্শন প্রতিবেদনটি পর্যালোচনা করা হয়েছে। বার্ড কর্তৃক পরিচালিত লালমাই ও ময়নামতি প্রকল্পের আওতায় যান্ত্রিক চাষাবাদ স্কিমের মাধ্যমে 'রায়চোঁ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ' এ প্রায় এক বছর পূর্বে আইলবিহীন চাষাবাদ শুরু করা হয়। 'রায়চোঁ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ'একটি সমবায় সমিতি কিন্তু এই সমবায় সমিতিতে বাস্তবায়িত প্রকল্পটির সাথে সমবায় অধিদপ্তরের কোন সংশ্লিষ্টতা নেই। 'রায়চোঁ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ' এর আইলবিহীন চাষাবাদ পদ্ধতি সরেজমিনে পরিদর্শন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সমবায় অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন, সমিতি ব্যবস্থাপনা ও আইন শাখার সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। আইলবিহীন চাষাবাদ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়ন করে আগামী ১ মাসের মধ্যে দাখিল করার বিষয়ে সভায় আলোচনা হয়েছে। | ২. এ সংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক আইলবিহীন চাষাবাদ পদ্ধতি সরেজমিনে পরিদর্শন করে আইলবিহীন চাষাবাদ সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা ও উন্নয়ন শাখায় আগামী ১ মাসের মধ্যে দাখিল করতে হবে। | সভাপতি/সদস্য সচিব, (এ সংক্রান্ত গঠিত কমিটি) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| --- | --- | --- | --- | --- |
| ০৫. | **পুষ্টি চাহিদা পূরণ ও দুগ্ধ শিল্পের প্রসার।** **(সূত্রঃ ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | ১. যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান পুষ্টি চাহিদা পূরণ ও দুগ্ধ শিল্পের প্রসারের লক্ষ্যে 'দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ' শীর্ষক প্রকল্পটি জানুয়ারি ২০২১ হতে জুন ২০২৪ মেয়াদে সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। | ১. 'দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ' শীর্ষক প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি শতকরা হিসেবে প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক/ যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| | | ২. 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৫৬৮৮.২৪ লক্ষ টাকা। জুলাই ২০২২ হতে জুন ২০২৬ মেয়াদে সমবায় অধিদপ্তর কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এডিপিতে ৩৪৯৮.৩২ লক্ষ টাকা (রাজস্ব বাবদ ২৯৮১.৩২ লক্ষ টাকা, মূলধন বাবদ ৫১৭.০০ লক্ষ টাকা) বরাদ্দ প্রদান করা হয়েছে। সে অনুযায়ী প্রকল্পটির ১ম কিস্তি ৮৭৪.৫৮ লক্ষ টাকা ছাড় হয়েছে। চলতি অর্থবছরের জুলাই/২০২৩ মাস পর্যন্ত ২.৯৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। যা বরাদ্দকৃত অর্থের ০.০৮%। | ২. 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি শতকরা হিসেবে প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক/ যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| | | ৩. 'উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন-২য় পর্যায়' শীর্ষক প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের জন্য ২০/০৩/২৩ তারিখ, ৪৭.৬১.০০০০.০৪৯ .১৪.০১৪.২১.১৪ নং স্মারক মূলে ড. মুহাম্মদ জাহাঙ্গীর আলম, অধ্যাপক অর্থনীতি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এর নেতৃত্বে পাঁচ সদস্য বিশিষ্ট দলকে কার্যাদেশ প্রদান করা হয়েছে। সমীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। | ৩. 'উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন-২য় পর্যায়' প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষার পূর্ণাঙ্গ প্রতিবেদন পর্যালোচনাপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ০৬. | **উৎপাদিত পণ্যের প্রক্রিয়াকরণ ও বাজারজাতকরণ।** **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | ১. যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান 'সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন' শীর্ষক একটি প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য 'Marketing and Value Chain Development of Agricultural products through Cooperatives' শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রকল্পটির মেয়াদ ১ মার্চ-২০২৩ হতে ৩১ আগস্ট-২০২৪ পর্যন্ত বৃদ্ধির জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে ১৮/০৫/২০২৩ তারিখের ৪৭.০০. ০০০০.০৩৮.১৪.০০৪.২০২৩-৫১ নং স্মারক মূলে সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই- | ১. 'সমবায়ের মাধ্যমে কৃষি পণ্যের বাজারজাতকরণ ও ভ্যালু চেইন উন্নয়ন' শীর্ষক একটি প্রকল্প গ্রহণের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য 'Marketing and Value Chain Development of Agricultural products through Cooperatives, শীর্ষক সম্ভাব্যতা সমীক্ষা প্রস্তাব প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির অনুমোদন বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রেখে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তর/ প্রকল্প পরিচালক |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বাংলা নগর, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | | |
| ০৭. | **স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান তৈরীর উদ্যোগ গ্রহণ।** **(সূত্র: ৪৯তম জাতীয় সমবায় দিবস, ০৭/১১/২০২০)** | ১. স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান তৈরীর উদ্যোগ গ্রহণের নিমিত্তে সমবায় অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি নিম্নোক্ত সুপারিশ প্রদান করেনঃ<br>➢ নিবন্ধন সংক্রান্ত নীতিমালা, ২০০৮ (সংশোধিত ২০১৩) বর্তমান সময়ের প্রেক্ষাপটে হালনাগাদকরণ;<br>➢ শ্রেণি ভিত্তিক সমবায়ের দুর্বলতা, সম্ভাবনা এবং বর্তমান সময়ের চ্যালেঞ্জ চিহ্নিত করে টেকসই করার জন্য সুপারিশ প্রণয়ন;<br>➢ সমবায় সমিতির সাংগঠনিক ভিত্তি শক্তিশালীকরণের লক্ষ্যে ৫০ হাজার টাকার কম শেয়ার মূলধন বিশিষ্ট সমিতিগুলোকে নিবিড় পর্যবেক্ষণের আওতায় আনার উদ্যোগ গ্রহণ;<br>➢ সমবায় সমিতির আর্থিক ভিত্তি শক্তিশালী করণের লক্ষ্যে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন ২০০২ ও ২০১৩) এর ২৬ (খ) ধারা অনুযায়ী আমানত সুরক্ষা তহবিল গঠন নিশ্চিতকরণ;<br>➢ সমিতির আমানত স্থায়ী ও লাভজনক খাতে বিনিয়োগ নিশ্চিতকরণ;<br>➢ পণ্য উৎপাদন ও বাজারজাতকরণের সুবিধার্থে সমবায় সমিতিগুলোর জন্য বাংলাদেশ সমবায় ব্যাংক হতে সহজ শর্তে ঋণ সুবিধা প্রদানের উদ্যোগ গ্রহণ।<br><br>২. কমিটি কর্তৃক প্রদত্ত সুপারিশগুলোর বিষয়ে চূড়ান্ত করণীয় নির্ধারণের সেপ্টেম্বর মাসের মধ্যে কর্মশালা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়েছে। | ১. সমবায় সমিতিগুলোকে স্থায়ী, উৎপাদনমুখী এবং লাভজনক সমবায় প্রতিষ্ঠান হিসেবে গড়ার লক্ষ্যে করণীয় নির্ধারণের জন্য সেপ্টেম্বর/২৩ মাসের মধ্যে প্রাপ্ত সুপারিশগুলোর বিষয়ে মতামত গ্রহণের জন্য ১টি কর্মশালার আয়োজন করতে হবে। | উপনিবন্ধক (সেবা শিল্প) সমবায় অধিদপ্তর |
| ০৮. | **৫১তম জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ভাষণের নির্দেশনার বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন** | জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী বিগত দিনে যে সকল বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেছেন, সে সকল বিষয়ে নির্দেশনার আলোকে সমবায় অধিদপ্তরের বাস্তবায়ন অগ্রগতি উল্লেখপূর্বক একটি প্রতিবেদন প্রস্তুত করার জন্য জনাব মো: হেলাল উদ্দীন, যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), সমবায় অধিদপ্তরকে দায়িত্ব প্রদান বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৫১তম জাতীয় সমবায় দিবসে মাননীয় প্রধানমন্ত্রী যে সকল বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেছেন, সে সকল বিষয়ে নির্দেশনার আলোকে সমবায় অধিদপ্তরের বাস্তবায়ন অগ্রগতি উল্লেখপূর্বক একটি প্রতিবেদন প্রস্তুত করার জন্য জনাব মো: হেলাল উদ্দীন, যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন), | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | (সূত্রঃ ৫১তম জাতীয় সমবায় দিবস, ০৫/১১/২০২২) | | সমবায় অধিদপ্তরকে দায়িত্ব প্রদান করতে হবে। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
মো: শফিকুর রেজা বিশ্বাস
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৩.২৩-২৮৭(৬০) স/মূ;    তারিখ: ২১ /০৯/২০২৩খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: উপসচিব (সমবায়, প্রশাসন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত নিবন্ধক (সকল)........................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০২। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৩। যুগ্মনিবন্ধক (সকল)................................................. সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৪। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৫। প্রকল্প পরিচালক (যুগ্মনিবন্ধক), 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৬। উপনিবন্ধক (সকল) ............................................. সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৮। সহকারী নিবন্ধক (সকল)........................................ সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৯। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, [নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২১/০৯/২০২৩

(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর,
ar.coordination@gmail.com